

প্রেস বিজ্ঞপ্তি
ঢাবি অফিসারদের জন্য কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও চেয়ারম্যান (Quality Assurance Committee, University of Dhaka) অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য প্রায়োগিক যুগোপযোগী শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষক এবং অফিস কর্মকর্তাগণকে ধারাবাহিক প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষাবান্দব পরিবেশে দক্ষ মানব সম্পদ তৈরী করতে দৃঢ় প্রতিজ্ঞ। এ লক্ষ্যে, তিনি ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি), ঢাকা বিশ্ববিদ্যালয় কে ধারাবাহিকভাবে কর্মশালা আয়োজন করার নির্দেশনা দেন। IQAC-DU ২৯ জুন, ২০২৪ তারিখে মুজাফফর আহমেদ চৌধুরী অডিটোরিয়াম, সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় এ “ঢাকা বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের গুণগত মান ও দক্ষতা বৃদ্ধি” শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে। অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান IQAC-DU এর সম্মানিত পরিচালক হিসেবে সমন্বয়কের দায়িত্বে ছিলেন। ড. এ.টি.এম. সামছুজ্জোহা (অতিরিক্ত পরিচালক, ইটিএল, আইকিউএসি-ডিইউ) কর্মশালাটি সপ্তাহনা করেন।

কর্মশালায় “বাজেট এন্ড প্রোকিউরমেন্ট ম্যানেজমেন্ট” বিষয়ে জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম (হিসাব পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়), “ফাইল ম্যানেজমেন্ট” বিষয়ে ড. এ.টি.এম. সামছুজ্জোহা (অধ্যাপক, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়); “কর্মকর্তার পালনীয় কোড অফ কন্ট্রুক্ট” বিষয়ে জনাব কাজী মাহফুজুল হক সুপণ (সহযোগী অধ্যাপক, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়) এবং “ঢাকা বিশ্ববিদ্যালয় অর্ডার এবং স্টাটিউটস এর আলোকে কর্মকর্তার পালনীয় দায়িত্ব” বিষয়ে জনাব প্রবীর কুমার সরকার (রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়) আলোচক হিসেবে উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয় পরিচালনার লক্ষ্যে বিষয় ভিত্তিক ফাইল তৈরি ও ব্যবস্থাপনা, সুষ্ঠু ব্যবস্থাপনার নিয়মাবলী, আইনের প্রতি শ্রদ্ধাশীল হওয়া, আচরণ বিধি অনুসরণ, দক্ষতা ও আত্মবিশ্বাস, মানবিক সম্পর্ক উন্নয়ন, পরিবর্তন সম্পর্কে জ্ঞান অর্জন, সম্পদের সঠিক ব্যবহার, কার্যকরী কর্মপদ্ধতি নির্ধারণ, আভ্যন্তরীণ নিরাপত্তা বিধানসহ গুরুত্বপূর্ণ বিষয়সমূহে কর্মশালায় আলোকপাত করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট ৮৫ জন কর্মকর্তা উক্ত কর্মশালায় অংশ গ্রহণ করেন।